

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিষ্ফোরক পরিদপ্তর  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
ওয়েবসাইট: [www.explosives.gov.bd](http://www.explosives.gov.bd)

২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে বিষ্ফোরক পরিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণের তৃতীয় সভার কার্যবিবরণী।

সভাপতি : আবুল কালাম আজাদ  
তারিখ : ২৩ মার্চ, ২০২১  
সময় : বিকাল ৩.০০ ঘটিকা  
স্থান : অনলাইন, জুম মিটিং  
উপস্থিতি : রেকর্ডেড

সভাপতি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে বিষ্ফোরক পরিদর্শক, জনাব মনিরা ইয়াসমিন সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ সভায় যুক্ত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি বলেন, এপিএ বাস্তবায়নের ধারাবাহিকতার লক্ষ্যে অংশীজনের সভা আয়োজন করা হয়েছে। অত্র দপ্তরের বিভিন্ন ধরনের সেবা গ্রহীতা রয়েছে। তাদের মধ্য হতে এলপিজি ব্যতীত অন্যান্য গ্যাসাধার আমদানি ও গ্যাসাধারে গ্যাস মজুদ সংশ্লিষ্ট সেবা গ্রহীতাদের আজকের সভায় আমন্ত্রণ করা হয়েছে। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের সংক্ষিপ্ত ধারণা প্রদান করেন।

সভাপতির অনুমতিক্রমে বিষ্ফোরক পরিদর্শক মনিরা ইয়াসমিন দপ্তরের সিটিজেন'স চার্টার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি ওয়েবসাইট থেকে সিটিজেন চার্টারের গ্যাসাধার বিধিমালা, ১৯৯৫ এর ফরম 'ঘ', ফরম 'গ' এবং গ্যাসাধার আমদানির পারমিট বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। বিষ্ফোরক পরিদপ্তরের ওয়েবসাইট থেকে সিটিজেন চার্টারের গ্যাসাধার বিধিমালা, ১৯৯৫ এর সেবা সমূহ প্রদর্শন করে বিস্তারিত আলোচনা করেন।


ভার্গো গ্যাসেস লিমিটেড এর প্রতিনিধি শ্যামল হালদার বলেন, আমরা নির্ধারিত সময়ের মধ্যেই গ্যাসাধার আমদানির ক্ষেত্রে ছাড়পত্র পেয়ে থাকি। তিনি বলেন, অত্রদপ্তরের জনবল সংকট থাকা সত্ত্বেও খুব দ্রুত সেবা পেয়ে থাকি। জনবল সংকটের কারণে কিছু কিছু ক্ষেত্রে সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ে সেবা পাওয়া যায়না। শিঘ্রই এ সমস্যা সমাধান হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

এ বিষয়ে সভাপতি বলেন, জনবল সংকট নিরসনের লক্ষ্যে আমরা কাজ করে যাচ্ছি। নতুন নিয়োগের মাধ্যমে কয়েকজন জনবল নেওয়ার প্রক্রিয়া চলমান রয়েছে এবং অর্গানোগ্রাম সম্প্রসারণের ব্যাপারেও চেষ্টা করা হচ্ছে। দ্রুত জনবল সংকট নিরসন করে সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করার চেষ্টা করা হবে।

বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক)	৩ (তিন) দিনের মধ্যে সকল ধরনের অনাপত্তিপত্র প্রদান করতে হবে
(খ)	অংশীজনদের বা সেবা গ্রহীতাদের অবহিতকরণের লক্ষ্যে পরবর্তী ০১ টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে;
(গ)	সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে;

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(আবুল কালাম আজাদ)

প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ

টেলিফোন: ৯৩৪৫২৫৮

ই-মেইল: [dhaka@explosives.gov.bd](mailto:dhaka@explosives.gov.bd)